বিজ্ঞপ্তি নং-০৯/২০২২

**পায়রা বন্দর কর্তৃপক্ষ**
**কলাপাড়া, পটুয়াখালী**
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০১.১১.০৫১.২২.৬১৯

তারিখঃ ২০ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৪ আগস্ট, ২০২২ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নলিখিত শূন্য পদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করছেঃ

| ক্র. নং | পদের নাম ও জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | ০১-০৮-২০২২ খ্রিঃ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | পাইলট<br>টাঃ ৩৫৫০০ - ৬৭০১০/- | ০২<br>(দুই) টি | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | মাস্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |

**নিয়োগের শর্তাবলিঃ**

১। উল্লিখিত পদে আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২৫-০৮-২০২২ খ্রি. তারিখের মধ্যে পায়রা বন্দর কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। আবেদনের কপির সাথে বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ/ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, জাতীয়তা/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করে পরিচালক (প্রশাসন), পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী বরাবর প্রেরণ করতে হবে। পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবেনা। অবশ্যই খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সংশ্লিষ্ট সকল প্রকার কোটা অনুসরণ করা হবে।

৩। নিয়োগের ক্ষেত্রে **"পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭"** এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৪। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।

৬। লিখিত/মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং আবেদনপত্রসহ সকল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। প্রার্থী কর্তৃক প্রেরিত আবেদনের হার্ড কপিতে কোন প্রকার কাটা কাটি/ঘষামাজা গ্রহণযোগ্য নয়।

৯। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। এ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। আবেদনপত্র যাচাই-বাছাই এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

04.08.22
তায়েবুর রহমান
উপপরিচালক (সংস্থাপন ও নিয়োগ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ

# চাকরির আবেদন ফর্ম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা,
তিন কপি)

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২ | বিজ্ঞপ্তি নম্বর: | তারিখঃ | দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়ঃ | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | ৬. জন্ম স্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক(নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ | মোবাইল | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | লিঙ্গ (টিক দিন): পুরুষ / মহিলা |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| ২০. | ব্যাংক ও শাখার নাম: | | |
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ / না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ন সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ দি ন মা স ব ৎ স র

প্রার্থীর স্বাক্ষর